

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে হলের লিফটে তিন ঘণ্টা আটকা শিক্ষার্থী

জাবি সংবাদদাতা

প্রকাশিত: ২২:৩৪, ৪ জুন ২০২৪



নবনির্মিত হলের লিফট।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) নবনির্মিত শহীদ তাজউদ্দিন আহমেদ হলের লিফটে লোডশেডিং ও যান্ত্রিক ত্রুটির কারণে তিন ঘণ্টা ধরে এক শিক্ষার্থী আটকে থাকার ঘটনা ঘটেছে। এসময় ভুক্তভোগী লিফটের ইমার্জেন্সী বাটন বারবার প্রেস করেও কারো সহযোগিতা পাননি।

সোমবার (৩ জুন) দুপুর দেড়টার দিকে এ ঘটনা ঘটেছে বলে জানিয়েছেন ভুক্তভোগী। একপর্যায়ে তিন ঘণ্টা পর বিকাল সাড়ে ৪টার দিকে হলের এক কর্মচারী লিফট খুলে তাকে উদ্ধার করেন। ভুক্তভোগী নয়ন বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের ২০২০-২১ সেশনের শিক্ষার্থী।

নয়ন জানান, সোমবার দুপুর দেড়টায় লিফটে করে হলের নিচতলা থেকে সপ্তম তলায় উঠার সময় হঠাৎ বিদ্যুৎ চলে যায়। এসময় তার কাছে মোবাইল ফোন না থাকায় কাউকে ফোন দিয়ে জানাতে পারেননি। তবে এসময় লিফটের ভেতরে থাকা ইন্টারকম বাটনে অনেকবার প্রেস করলেও হল অফিস থেকে কেউ লিফট খুলতে আসেনি।

তিনি জানান, প্রায় এক ঘণ্টার অপেক্ষার পর বিদ্যুৎ আসলেও কারিগরি ত্রুটি থাকায় খুলেনি লিফটের দরজা। উল্টো লিফট হ্যাং হয়ে আরও দুই ঘণ্টা আটকে থাকেন তিনি। একপর্যায়ে প্রায় ৩ ঘণ্টা পর বিকাল সাড়ে চারটার দিকে হল অফিস থেকে একজন কর্মচারী এসে লিফট খুলে দেয়।

ভুক্তভোগী স্ফোভ প্রকাশ করে বলেন, ‘হল প্রভোস্ট ও হলের যে সমস্ত ওয়ার্ডেন রয়েছে তাদের কর্মতৎপরতা ও দায়িত্বহীনতার কারণেই এই অবস্থার মুখোমুখি হতে হয়েছে। হলের যেসব কর্মচারী আছে তারাও ঠিকমতো দায়িত্ব পালন করেনা। শতকোটি টাকা দিয়ে পরিকল্পনাবিহীন মূর্তির মতো হল বানিয়ে রেখেছে কিন্তু বিদ্যুৎ চলে গেলে স্টুডেন্টরা কিভাবে চলাফেরা করবে তার ব্যবস্থা করা হয়নি। হল অফিসে দুইবার গিয়েছিলাম কিন্তু কারোর দেখাই পাইনি। আমি এই ঘটনার সুষ্ঠু সমাধান চাই।’

এ বিষয়ে শহীদ তাজউদ্দিন আহমেদ হলের প্রভোস্ট অধ্যাপক আলমগীর কবির বলেন, ‘আমাদের হলে মাত্র একজন লিফটম্যান আছে। ঈদের পর পরই আমরা আর একজন লিফটম্যান পাব। হলে জেনারেটর আছে কিন্তু এখনও সেটি চালু করা হয়নি। ঈদের পর জেনারেটর চালুর ব্যবস্থা করব। তখন আশা করি এসব সমস্যার সমাধান হবে। আসলে কর্মচারী ছাড়া জেনারেটর, লিফট পরিচালনা করা কঠিন।’

---

এম হাসান